

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
কারা-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.১১.০০১.২২.৪৩৩

তারিখ : ১৬ পৌষ ১৪৩১  
৩১ ডিসেম্বর ২০২৪

**বিষয় :** কারা অধিদপ্তরধীন সরাসরি নিয়োগযোগ্য ডেপুটি জেলার এর শূন্য পদের ছাড়পত্র সংক্রান্ত।

সূত্র : (ক) সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.১১.০০১.২২.৪১১ তারিখ : ১১ ডিসেম্বর ২০২৪।  
(খ) কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২২.০৭.০০১.২০২৪-৬১৪ তারিখ: ২২ ডিসেম্বর ২০২৪।

কারা অধিদপ্তরের রাজস্বখাতে সরাসরি নিয়োগযোগ্য নিম্নহকে বর্ণিত ১৯টি ডেপুটি জেলারের শূন্য পদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ নভেম্বর ২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বিধি মোতাবেক সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হল :

ক্রম.	পদের নাম	সরাসরি পূরণযোগ্য পদ সংখ্যা	পূরণকৃত পদ সংখ্যা	বর্তমান শূন্য পদের সংখ্যা	নব্য সৃজিত শূন্য পদের ১০% হিসাবে সংরক্ষণযোগ্য পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড	শূন্য পদের ১০% সংরক্ষিত রেখে ছাড়পত্র প্রদানযোগ্য প্রকৃত পদের সংখ্যা
১	ডেপুটি জেলার	১৫৫+নব্য সৃজিত ২১= ১৭৬	১৩৬	পূর্বের শূন্য পদ (১৫৫-১৩৬)=১৯ (যার বিপরীতে সূত্রে বর্ণিত 'ক' স্মারকমূলে গত ১১ ডিসেম্বর ২০২৪ তারিখ ছাড়পত্র প্রদান করা হয়েছে) এবং নব্য সৃজিত ২১	২	১২,৫০০-৩০,২৩০/- ১১তম	(২১-২)= ১৯

**শর্তাবলি :**

- (ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে, তবে, আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ অক্টোবর ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০-২৪৯ নং পরিপত্রের ৪(ক) অনুযায়ী এ ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০২ (দুই) বছর; তবে সরকারী কর্ম কমিশন সচিবালয় যদি কোন কারণে সুবিধাজনক সময়সীমার মধ্যে সুপারিশ করতে অসমর্থ হয়, তবে সুপারিশ প্রেরণের পর হতে ০১ (এক) বৎসরের মধ্যে পদসমূহ পূরণ করতে হবে;
- (গ) প্রাপ্ত প্রস্তাবে মঞ্জুরিকৃত ও শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ দেয়া হলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে;

- (ঘ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী নিজস্ব অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি শ্রেণির পদের বিপরীতে মঞ্জুরকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে; এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- (ঙ) ছাড়পত্র প্রদানকৃত পদগুলি পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে;
- (চ) ছাড়পত্র প্রদানকৃত পদসমূহ পূরণ করার ১৫ কার্য দিবসের মধ্যে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা-১ শাখা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখা ও পরিসংখ্যান ও গবেষণা কোষকে অবহিত করতে হবে; এবং
- (ছ) শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে বিদ্যমান সকল আইন-কানুন, বিধি-বিধান অবশ্যই অনুসরণ করতে হবে; আইন ও বিধি-বিধানের কোনরূপ ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে।

স্বাক্ষর  
(তাহুনিয়া রহমান চৌধুরী)  
উপসচিব  
ফোন : ০২-২২৩৩৯০৯৪১  
E-mail: jail1@ssd.gov.bd

কারা মহাপরিদর্শক  
কারা অধিদপ্তর  
ঢাকা।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.১১.০০১.২২.৪৩৩

তারিখ : ১৬ পৌষ ১৪৩১  
৩১ ডিসেম্বর ২০২৪

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। উপসচিব, পরিসংখ্যান ও গবেষণা কোষ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হিসাব ভবন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্বাক্ষর  
৩১/১২/২০২৪  
(তাহুনিয়া রহমান চৌধুরী)  
উপসচিব